



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
জেলা পরিষদ শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
[www.lgd.gov.bd](http://www.lgd.gov.bd)



শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি

নম্বর : ৪৬.০০.০০০০.০৪২.২৯.০০৩.১৯.৪৪৩

তারিখ: ২৬ ফাল্গুন ১৪২৮  
০৯ মার্চ ২০২২

**বিষয় : ২০২১-২২ অর্থ বছরে যুক্তরাজ্য ও সুইজারল্যান্ডে প্রশিক্ষণমূলক সফর আয়োজন।**


উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, ২০২১-২২ অর্থ বছরে স্থানীয় সরকার বিভাগের উদ্যোগে জেলা পরিষদের চেয়ারম্যানগণকে নিয়ে যুক্তরাজ্য ও সুইজারল্যান্ডে একটি প্রশিক্ষণ আয়োজনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

২। উক্ত সফর আয়োজনের লক্ষ্যে তাঁর জেলা পরিষদের চেয়ারম্যান এর **মূল পাসপোর্ট (পূর্ববর্তী পাসপোর্টসহ) বিশেষ বাহক মারফৎ আগামী ১০ মার্চ ২০২২ এর মধ্যে** এ বিভাগে দাখিল করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৩। এছাড়াও, জেলা পরিষদের চেয়ারম্যানগণের **বিগত ১(এক) বছরের বিদেশ ভ্রমণ বিবরণী (নিম্নবর্ণিত ছকে)** এবং ব্যক্তিগত ব্যাংক হিসাব বিবরণী আজ অফিস সময়ের মধ্যে ই-মেইলে প্রেরণ করার জন্যও নির্দেশক্রমে অনুরোধ করা হল:

জনপ্রতিনিধির নাম ও পদবী	বিগত এক বছরে ভ্রমণকৃত দেশ	সময়কাল	মন্তব্য (সরকারি/ ব্যক্তিগত)

৪। বিষয়টি অতীব জরুরি।

  
মোহাম্মদ তানভীর আজম ছিদ্দিকী  
উপসচিব  
ফোনঃ ৯৫৭৫৫৬৮  
ই-মেইলঃ [lgzp@lgd.gov.bd](mailto:lgzp@lgd.gov.bd)

প্রধান নির্বাহী কর্মকর্তা  
জেলা পরিষদ, ..... (সকল)।

অনুলিপি:

- ১। অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।